

B.A. 3rd Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-6

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০
- (ক) আদি-মধ্যযুগের বাংলা ভাষার সময়সীমা এবং এই সময়ের বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।
- (খ) মান্য চলিত বাংলা প্রধানত কোন উপভাষানির্ভর? এই উপভাষা কোন অঞ্চলে প্রচলিত?
- (গ) 'যুট্ট ধ্বনি' কীভাবে সৃষ্ট হয়? বাংলায় কোন ধ্বনিগুলিকে 'যুট্ট ধ্বনি' বলা হয়?
- (ঘ) দ্বিস্বর (diphthong) কাকে বলে? দৃষ্টান্ত দাও।
- (ঙ) 'কলম' শব্দটির উৎসমূল নির্ণয় করো। এটি কী জাতীয় শব্দ?
- (চ) বাংলা ভাষায় গৃহীত দুটি পোর্্তুগিজ শব্দের উদাহরণ দাও।
- (ছ) একটি জটিল বাক্যের উদাহরণ দিয়ে বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করো।
- (জ) 'অর্ধচন্দ্র' শব্দটিতে শব্দার্থ-পরিবর্তনের কোন সূত্র কাজ করেছে বুঝিয়ে দাও।
- (ঝ) দুটি মিশ্র শব্দের উদাহরণ দাও।
- (ঞ) 'দ্বিমাত্রিকতা' কাকে বলে? দৃষ্টান্ত দাও।
- (ট) শব্দ ও পদের পার্থক্যটি বুঝিয়ে দাও।
- (ঠ) দৃষ্টান্তের সাহায্যে 'অনুদিত ঋণ' বিষয়টি বুঝিয়ে দাও।
- (ড) সাধু ও চলিত গদ্যে সর্বনাম ও অব্যয়ের রূপ-পার্থক্যের একটি করে উদাহরণ দাও।
- (ঢ) সংস্কারজনিত কারণে শব্দার্থ-পরিবর্তনের দুটি উদাহরণ দাও।
- (ণ) 'সার্থক জনম আমার জন্মেছি এই দেশে'— অধোরেখাঙ্কিত শব্দটিতে কী জাতীয় ধ্বনি-পরিবর্তন ঘটেছে বুঝিয়ে দাও।
২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০
- (ক) ভারতীয় আর্থভাষার কোন স্তর থেকে বাংলা ভাষার উদ্ভব? প্রাকৃত ও অপভ্রংশের স্তর বেয়ে কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে, তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪=৫
- (খ) ধ্বনি কাকে বলে? উচ্চারণের প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনির চারটি শ্রেণির আলোচনা করো। ১+৪=৫
- (গ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত 'তদ্ভব শব্দ' নিয়ে আলোচনা করো। 'দাম' কী জাতীয় শব্দ? ৪+১=৫
- (ঘ) যে-কোনো দুটি বিষয়ের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাওঃ ২ই×২=৫
- (i) তৎসম ও অর্ধ-তৎসম শব্দ (ii) সমীভবন ও বিষমীভবন (iii) নাসিকীভবন ও স্বতোনাসিকীভবন (iv) মিশ্রণ ও জোড়কলম শব্দ

- (ঙ) উদাহরণ-সহ টীকা লেখো (যে কোনো দুটি) ২ই×২=৫
যোগরূঢ় শব্দ, মহাপ্রাণ ধ্বনি, বর্ণ বিপর্যয়, সাদৃশ্য ২ই×২=৫
- (চ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে কোনো দুটি)
অন্ন, উজবুক, ঝোঁয়াশা, পলতা ১০×২=২০
৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ
- (ক) আধুনিক বাংলা ভাষার সূচনা কোন সময় থেকে বলে মনে করা হয়? আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮=১০
- (খ) অর্থ অনুসারে বাংলা বাক্যের বিভিন্ন শ্রেণির আলোচনা করো। 'পদগুচ্ছ' (Phrase) বলতে কী বোঝো? ৮+২=১০
- (গ) স্বরধ্বনি কাকে বলে? রেখাচিত্রের সাহায্যে বাংলা স্বরধ্বনির পরিচয় দাও। ২+৮=১০
- (ঘ) ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝায়? দৃষ্টান্তসহ স্বরধ্বনি লোপ ও ব্যঞ্জনধ্বনি লোপ বুঝিয়ে দাও। ২+৮=১০